গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালে ৭ মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস হিসেবে উদযাপনের কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মজিবর রহমান<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ২৩ ফ্রেবুয়ারি ২০২২ |
| সভার সময় | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। সভাপতি বলেন, বাংলাদেশের স্বাধীনতার প্রেক্ষাপটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের তাৎপর্য অপরিসীম। ২০১৭ সালে ইউনেস্কো (UNESCO) ঐতিহাসিক এই ভাষণকে বৈশ্বিক দলিল (Memory of the World Register-এ অন্তর্ভূক্তিকরণ) হিসেবে স্বীকৃতি দেয়ায় আন্তর্জাতিক পরিমন্ডলেও এ ভাষণের তাৎপর্য ও গুরুত্ব বহুগুণ বৃদ্ধি পেয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ'দিবস হিসেবে ঘোষণা এবং দিবসটিকে 'ক' শ্রেণিভুক্ত করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৫ অক্টোবর ২০২০ তারিখে পরিপত্র জারি করা হয়েছে। পরিপত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় দিবসটি উদযাপনের উদ্যোক্তা মন্ত্রণালয় হিসাবে দায়িত্ব পালন করবে মর্মে উল্লেখ রয়েছে। দিবসটি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপকভাবে উদযাপন করা হবে। পরে সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। সভায় সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে জাতীয় পর্যায়ে গৃহীত অনুষ্ঠানমালার সাথে সামঞ্জস্য রেখে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | আয়োজনে/বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ৭ মার্চ ২০২২<br>সকাল ৯.০০ ঘটিকা | জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ | জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট প্রাঙ্গনে স্থাপিত বঙ্গবন্ধুর মুর‍্যাল | সংশ্লিষ্ট উপকমিটি |
| ২ | ৭ মার্চ ২০২২<br>সকাল ১০.৩০ ঘটিকা | কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে ছাত্র-ছাত্রী ও বীর মুক্তিযোদ্ধাদের অংশগ্রহণে সমাবেশ,আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান | কবি নজরুল অডিটরিয়াম, রিকাবীবাজার, সিলেট | সংশ্লিষ্ট উপকমিটি |
| ৩ | ৬ মার্চ ও ৭ মার্চ ২০২২ | কবি নজরুল অডিটরিয়াম ও এর নিকটবর্তী সড়ক, অন্যান্য সড়ক ও সড়কদ্বীপসমূহ জাঁকজমকপূর্ণভাবে ব্যানার, জাতীয় পতাকা ও ফেস্টুন দ্বারা সুসজ্জিতকরণ ও আলোকসজ্জাকরণ | সিলেট নগরীর গুরুত্বপূর্ণ স্থান | ১। প্রধাননির্বাহীকর্মকর্তা, সিলেটসিটিকর্পোরেশন, সিলেট<br>২। নির্বাহীপ্রকৌশলী, গণপূর্তঅধিদপ্তর, সিলেট |
| ৪ | ৭ মার্চ ২০২২<br>তারিখ দিনব্যাপী | 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবসটির তাৎপর্য তুলে ধরে স্থানীয় ও অনলাইন পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ | -- | সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাবসমূহ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | ৭ মার্চ ২০২২<br>তারিখ দিনব্যাপী | সকল সরকারি ভবন এবং নগরীর গুরুত্বপূর্ণ স্থানসমূহে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রচার ও ভিডিও প্রদর্শন | -- | ১। প্রধাননির্বাহীকর্মকর্তা, সিলেটসিটিকর্পোরেশন, সিলেট<br>২। আঞ্চলিকপরিচালক, বাংলাদেশবেতার, সিলেট<br>৩। উপপরিচালক, জেলাতথ্যঅফিস, সিলেট<br>৪। স্বস্বপ্রতিষ্ঠানপ্রধানগণ<br>৫। ব্যবস্থাপক, সিলেটকেবলসিস্টেম, সিলেট |
| ৬ | ৭ মার্চ ২০২২ সুবিধামত সময়ে | বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টারী প্রদর্শনী এবং বঙ্গবন্ধুর কর্মময় জীবন নিয়ে চলচ্চিত্র প্রদর্শনী | | উপ-পরিচালক জেলা তথ্য অফিস,সিলেট |
| ৭ | ৭ মার্চ ২০২২ | শিশু-কিশোর ও যুবদের জন্য বাংলাদেশ বেতারে বিশেষ অনুষ্ঠান প্রচার | -- | আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট |
| ৮ | ৭ মার্চ ২০২২<br>বিকাল-৪.৩০ | বঙ্গবন্ধুর কর্মময় জীবন এর উপর ৭-৯ মার্চ ৩ দিন ব্যাপী আলোকচিত্র প্রদর্শন | বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সিলেট | ১। জেলাকালচারালঅফিসার, সিলেট<br>২। ফটোজার্নালিস্টএসোসিয়েশন, সিলেট |
| ৯ | ৭ মার্চ ২০২২<br>বিকাল- ৫.০০ ঘটিকা | আবৃত্তি, সংগীত, নৃত্য ও নাটক মঞ্চায়নসহ সাংস্কৃতিক অনুষ্ঠান | বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সিলেট | সংশ্লিষ্ট উপকমিটি |
| ১০ | ৭ মার্চ ২০২২<br>সুবিধামত সময়ে | প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে সরাসরি ছাত্র-ছাত্রী/শিক্ষক ও অভিভাবকগণের উপস্থিতিতে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ বিষয়ে আলোচনা সভা | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান | সংশ্লিষ্ট উপকমিটি |
| ১১ | ৭ মার্চ ২০২২<br>বাদ যোহর | ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবসের তাৎপর্য তুলে ধরে জেলা প্রশাসক মহোদয়ের উপস্থিতিতে ইমামদের নিয়ে আলোচনা সভা | ইমাম প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |
| ১২ | ৭ মার্চের পূর্বে<br>সুবিধামত সময়ে | শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র- ছাত্রীদের অংশগ্রহণে ভাষণ, আবৃত্তি, চিত্রাঙ্কন, সংগীত ও নৃত্য প্রতিযোগিতা আয়োজন | স্বস্থ্যবিধি মেনে সরাসরি অংশ স্ব-স্ব প্রতিষ্ঠানে অংশগ্রহণ | ১। সংশ্লিষ্ট উপকমিটি<br>২। স্ব-স্ব প্রতিষ্ঠান |
| ১৩ | ৭ মার্চের পূর্বে<br>সুবিধামত সময়ে | ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে বঙ্গবন্ধুর ভাষণ ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন | জেলা শিশু একাডেমি, সিলেট | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |

অন্যান্য সিদ্ধান্তসমূহঃ

১. ২০২২ সালের মার্চ মাসটি ঐতিহাসিক ৭ই মার্চ,স্বাধীনতার সুবর্নজয়ন্তী উদযাপন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং মহান স্বাধীনতা দিবসসহ বিভিন্ন বিষয়ের কারণে অনেক তাৎপর্যমন্ডিত বিধায় মার্চ ২০২২ মাসব্যাপী (২৫ মার্চ ব্যাতীত) নগরীর গুরুত্বপূর্ণ সড়কসমূহে লাইটিং ও স্ক্রীন ব্রিজে আলোকসজ্জা করার জন্য মেয়র, সিলেট সিটি কর্পোরেশনকে অনুরোধ জানানো হয়।

২. বর্ণিত কর্মসূচিতে নিরাপত্তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ কমিশনার, এসএমপি ও উপজেলা পর্যায়ে নিরাপত্তা প্রদানের জন্য পুলিশ সুপার, সিলেট-কে অনুরোধ জানানো হয়।

২. উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা পর্যায়ে ৭ মার্চ তারিখে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস-২০২২' যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষে জেলা কর্মসূচির সাথে সমন্বয় করে অনুরূপ কর্মসূচি গ্রহণ করবেন।

৩. 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস উদযাপন উপলক্ষে আয়োজিতব্য সকল অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৪. আয়োজিত অনুষ্ঠানসমূহে বঙ্গবন্ধুর ৭ মার্চের প্রদত্ত ভাষণ প্রচার করতে হবে।

৫.উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে নিম্নোক্ত উপকমিটি গঠন করা হয়:

**আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপকমিটি**

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট | - আহবায়ক |
| ২. | জনাব মোঃ মাহবুবুর রহমান, সহকারী কমিশনার | - সদস্য |
| ৩. | জনাব নিবিড় রঞ্জন তালুকদার, সহকারী কমিশনার | - সদস্য |
| ৪. | মিজ্ রেহেনা আক্তার, নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট | - সদস্য |
| ৫. | জনাব মো: জসিম উদ্দিন, সহকারী কমিশনার | - সদস্য |
| ৬. | সহকারী পুলিশ কমিশনার (উত্তর), এসএমপি, সিলেট | - সদস্য |
| ৭. | সহকারী পুলিশ সুপার, সিলেট | - সদস্য |
| ৮. | জেলা কালচারাল অফিসার, সিলেট | - সদস্য |
| ৯. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট | - সদস |
| ১০. | জনাব সুব্রত চক্রবর্ত্তী জুয়েল, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা | - সদস্য |
| ১১. | জনাব ভবতোষ রায় বর্মন, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট মহানগর | - সদস্য |

**পুষ্পস্তবক অর্পণ উপকমিটি**

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট | - আহ্বায়ক |
| ২. | অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন), সিলেট | - সদস্য |
| ৩. | জনাব ফজলে ওয়াহিদ, সহকারী কমিশনার | - সদস্য |
| ৪. | জনাব এন, এম, ইশফাকুল কবীর, সহকারী কমিশনার | - সদস্য |
| ৫. | মিজ যারীন তাসনিম তাসিন, সহকারী কমিশনার | - সদস্য |
| ৬. | মিজ সাদিয়া বিনতে সোলায়মান, সহকারী কমিশনার | - সদস্য |
| ৭. | জনাব সুব্রত চক্রবর্ত্তী জুয়েল, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা | - সদস্য |
| ৮. | জনাব ভবতোষ রায় বর্মন, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট মহানগর | - সদস্য |

**প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার ক্রয় উপকমিটি**

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট | - আহ্বায়ক |
| ২. | জনাব ফজলে ওয়াহিদ, সহকারী কমিশনার | - সদস্য |
| ৩. | জনাব মো: জসিম উদ্দিন, সহকারী কমিশনার | - সদস্য |
| ৪. | জেলা শিক্ষা অফিসার, সিলেট | - সদস্য |
| ৫. | জনাব জেলা কালচারাল অফিসার, সিলেট | - সদস্য |
| ৬. | জেলা শিশু বিষয়ক কর্তকর্তা, সিলেট | - সদস্য |

'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

24/2/2022

মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.২৩.০৭৭.২১.৪২ তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৫) ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট
৬) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট
৭) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট
৮) পুলিশ সুপার, সিলেট
৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট
১০) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
১১) সিভিল সার্জন, সিলেট
১২) সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আওয়ামীলীগ, সিলেট
১৩) সভাপতি/সাধারণ সম্পাদক, মহানগর আওয়ামীলীগ, সিলেট
১৪) জেলা .................................................................. কর্মকর্তা/ অফিসার, সিলেট
১৫) সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা/মহানগর ইউনিট, সিলেট
১৬) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব/সিলেট জেলা প্রেসক্লাব/সিলেট অনলাইন প্রেসক্লাব/ইমজা, সিলেট
১৭) সভাপতি/ সাধারণ সম্পাদক, সম্মিলিত সাংস্কৃতিক জোট/সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট
১৮) জনাব...................................., সিলেট

24/2/2022

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট